# বাংলাদেশ কৃষি ব্যাংক
## মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ (উ.)

**জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ (উত্তর) এর ২০২৩-২০২৪ অর্থবছরের ১ম প্রান্তিকের (জুলাই/২০২৩-সেপ্টেম্বর/২০২৩) শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব কাজী মোস্তাফিজুর রহমান<br>মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক (দায়িত্বে) |
| তারিখ ও সময় | : | ২১.০৯.২০২৩ খ্রি., সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : | মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ (উত্তর) |
| উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" |

সভাপতি মহোদয় কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভার কার্যক্রম শুরু করেন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি মহোদয় অভিমত প্রকাশ করেন। কর্মক্ষেত্রে দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্য তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ে সু-সমন্বয় প্রয়োজন বলে তিনি মনে করেন। বর্তমান ব্যাংকিং খাতে শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়নের সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ অতীব জরুরি বলে সভায় সকলে একমত প্রকাশ করেন। বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ (উ.) এর কর্মকর্তা/কর্মচারীদের সততা, নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে সাবলীল কর্ম-পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে সভার কাজ শুরু করেন।

০২। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র কার্যালয়ের কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব রাজন দেবনাথ এপ্রিল/২০২৩ হতে জুন/২০২৩ সময়কালের ৪র্থ প্রান্তিকের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোকপাত করেন।

০৩। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

ক) গ্রাহক বান্ধব ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে হবে এবং দ্রুত সময়ের মধ্যে আনুষঙ্গিক কার্যাবলী সম্পাদন নিশ্চিত করতে হবে।

খ) বাংলাদেশ কৃষি ব্যাংকের মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক ঘোষিত ১০০ দিনের বিশেষ কর্মসূচির সফল বাস্তবায়নের জন্য অঞ্চলের শাখাসমূহের সকল কর্মকর্তা-কর্মচারীর অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

গ) কোনো অবস্থাতেই শাখাসমূহের শ্রেণিকৃত ঋণের পরিমাণ যেন বৃদ্ধি না পায় সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঘ) মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন রোধে সকলকে সচেতন হতে হবে এবং RTGS, Online Transaction সহ দৈনন্দিন লেনদেন কার্যক্রমে সতর্ক থাকতে হবে।

ঙ) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে সকল শাখাকে পুনঃতফসিলকৃত ও শ্রেণিকৃত ঋণ আদায়ে সর্বোচ্চ চেষ্টা অব্যাহত রাখতে হবে।

চ) Deposit Mixup এর ক্ষেত্রে Low Cost Deposit এর উপর প্রত্যেক শাখাকে গুরুত্ব দিতে হবে। High Cost Deposit এর তুলনায় Low Cost Deposit বাড়ানোর ব্যাপারে শাখার সকল কর্মকর্তা/কর্মচারীর সম্পৃক্ততা জরুরি।

ছ) সকল প্রণোদনামূলক প্যাকেজসহ FID-01, সিএমএসএমই (CMSME)- ২৫০০০ কোটি টাকা ও ACD-7 খাতে শাখাসমূহের নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ ঋণ বিতরণ করতে হবে।

জ) ৪% রেয়াতী সুদ হারে উপযুক্ত গ্রাহক বাছাই করে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ করতে হবে।

ঝ) শাখা পর্যায়ে খেলাপী ঋণ গ্রহীতাদের সাথে দ্বিপাক্ষিক সভার মাধ্যমে খেলাপী ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিত করা।

ঞ) সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তাদের জন্য বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে এবং এ উদ্দেশ্যে "Women Entrepreneur's Development Unit" কর্তৃক শাখা পর্যায়ের "Women Entrepreneur's Dedicated Help Desk" সমূহের কার্যক্রম মনিটর করতে হবে।

ট) ব্যাংকের বিভিন্ন প্রোডাক্ট পরিচিতি বা বিভিন্ন সেবার নিয়মাচার সরাসরি গ্রাহকের/জনসাধারণের কাছে পৌঁছে দেওয়া এবং বিকেবি'র গ্রাহক বান্ধব সেবা গ্রহণে আগ্রহী করে তোলার জন্য শাখার সহজে চোখে পড়ে এমন স্থানে পোস্টার লাগানোর ব্যবস্থা করতে হবে।

ঠ) বিদ্যুতের সাশ্রয়ী ব্যবহার নিশ্চিত করতে হবে।

ড) গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ হালনাগাদ কার্যক্রম চলমান রেখে তা শতভাগ অর্জনের চেষ্টা অব্যাহত রাখতে হবে।

ঢ) শাখাকে লাভজনক পর্যায়ে উন্নীত করার জন্য ব্যবসায়িক লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনে সচেষ্ট থাকতে হবে।

ণ) উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ২০২৩-২০২৪ অর্থবছরের ২য় ত্রৈমাসিক/প্রান্তিকের (অক্টোবর/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩) নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

০৪। সভায় আর কোনো আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

২১.০৯.২৩

(কাজী মোস্তাফিজুর রহমান)
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক (দায়িত্বে)
ও
সভাপতি, শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি

---

স্মারক নং- মুআকা/ময়মন(উ.)/প্রশা-০১(৭৬)/২০২৩-২০২৪/৫১২(১৮) তারিখ: ২১.০৯.২০২৩ খ্রি.

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
০২। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য অঞ্চল, ময়মনসিংহ (উ.)।
০৪। নথি/মহানথি।

21.09.2023

(রাজন দেবনাথ)
কর্মকর্তা

# বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ (উত্তর)
৬৩/এ, বাউন্ডারী রোড, আকুয়া মাদ্রাসা কোয়ার্টার, ময়মনসিংহ-২২০০
ফোন: ০২-৯৯৭৭১০৪০৪, ০২-৯৯৭৭১০৬৯৬
ই-মেইল: crmmymensinghnorth@krishibank.org.bd


## ২১.০৯.২০২৩ খ্রি. সকাল ১১:০০ ঘটিকায় অত্র কার্যালয়ে অনুষ্ঠিত ২০২৩-২০২৪ অর্থবছরের ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিতি

| ক্র. নং | কর্মকর্তার নাম ও পদবী | বর্তমান কর্মস্থল | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব কাজী মোস্তাফিজুর রহমান<br>মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক (দায়িত্বে)<br>(সহকারী মহাব্যবস্থাপক) | মুখ্য আঞ্চলিক কার্যালয়,<br>ময়মনসিংহ (উত্তর) | সভাপতি | [signature] 21.09.23 |
| ০২ | জনাব মোহাম্মদ নাজমুল হক<br>উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | মুখ্য আঞ্চলিক কার্যালয়,<br>ময়মনসিংহ (উত্তর) | সদস্য | [signature] 21.9.2023 |
| ০৩ | জনাব মো. কামরুল ইসলাম শিরাজী<br>কর্মকর্তা | মুখ্য আঞ্চলিক কার্যালয়,<br>ময়মনসিংহ (উত্তর) | সদস্য | [signature] 21.09.23 |
| ০৪ | জনাব রাজন দেবনাথ<br>কর্মকর্তা | মুখ্য আঞ্চলিক কার্যালয়,<br>ময়মনসিংহ (উত্তর) | সদস্য-সচিব | [signature] 21.09.2023 |

# আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪

**আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের নাম:** বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ (উ.)

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২৩-২০২৪ | | | | | | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা.......................................৬** | | | | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ২ | সংখ্যা | জনাব রাজন দেবনাথ কর্মকর্তা | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | ৪ | | |
| | | | | | | অর্জন | ১ | | | | | | |
| ১.২ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakehol ders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ২ | সংখ্যা | মোহাম্মদ নাজমুল হক উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | ২ | লক্ষ্যমাত্রা | | ১ | | ১ | ২ | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৩ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভার আয়োজন | প্রশিক্ষিত কর্মচারী | ১ | সংখ্যা | | ২ | লক্ষ্যমাত্রা | | ১ | | ১ | ২ | | প্রধান কার্যালয় কর্তৃক বাস্তবায়ন করা হবে। |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৪ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ /পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি) | উন্নত কর্ম-পরিবেশ | ১ | সংখ্যা ও তারিখ | মোহাম্মদ নাজমুল হক উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | ২ টি ৩১.১২.২০২৩ ৩০.০৬.২০২৪ | লক্ষ্যমাত্রা | | ৩১.১২.২০২৩ | | ৩০.০৬.২০২৪ | ২ | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **২. ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার ...............................................................২** | | | | | | | | | | | | | |
| ২.১ ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ২ | তারিখ | জনাব রাজন দেবনাথ কর্মকর্তা | ১ | লক্ষ্যমাত্রা | ১ | | | | ১ | | |
| | | | | | | অর্জন | ১ | | | | | | |
| **৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম................. ২** | | | | | | | | | | | | | |
| ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ | রেজিস্টার হালনাগাদকৃত | ২ | % | | | | | | | | | | |

২১.০৯.২০২৩
প্রতিবেদন প্রস্তুতকারীর স্বাক্ষর
Rajan Debnath
Officer
Bangladesh Krishi Bank
Chief Regional Office, Mymensingh (North)

২১.০৯.২০২৩
নৈতিকতা কমিটির সদস্য-সচিবের স্বাক্ষর (১)
Rajan Debnath
Officer
Bangladesh Krishi Bank
Chief Regional Office, Mymensingh (North)

২১.৯.২০২৩
নৈতিকতা কমিটির সদস্যের স্বাক্ষর (২)
মোহাম্মদ নাজমুল হক
ঊর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়
ময়মনসিংহ (উঃ)।

২১.৯.২০২৩
নৈতিকতা কমিটির সভাপতির স্বাক্ষর
কাজী মোয়াফিজুর রহমান
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক (দায়িত্বে)
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ (উঃ)